**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 16-02-2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ নির্বাচন কমিশন এক অভূতপূর্ব সিদ্ধান্তে, এরাজ্যের সাতজন AERO-কে সরাসরি সাসপেন্ড করেছে। # রাজ্য বিজেপি, কমিশনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

২/ কৃত্রিম মেধা নিয়ে বিশ্ব শিখর সম্মেলন, দেশের বিজ্ঞান ও প্রযুক্তিতে দ্রুত অগ্রগতির প্রমাণ বলে, প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন।

৩/ ধান উৎপাদনের নিরিখে পূর্ব বর্ধমানকে পিছনে ফেলে বাঁকুড়া, রাজ্যের শীর্ষস্থানে উঠে এসেছে।

৪/ উপকূল রক্ষী বাহিনী, আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের অভিযোগে ২৮ জন মৎস্যজীবী সহ একটি বাংলাদেশি ট্রলারকে আ▯ক করে ফ্রেজারগঞ্জে নিয়ে এসেছে।

৫/ কলকাতার ইডেন গার্ডেন্সে ICC T-20 ক্রিকে▯ বিশ্বকাপের ম্যাচে আজ ইংল্যান্ড ও ইতালি মুখোমুখি হবে।

********************************************************************

এক অভূতপূর্ব সিদ্ধান্তে নির্বাচন কমিশন একাধিক অনিয়মের অভিযোগে রাজ্যের সাতজন AERO-কে এবার সরাসরি সাসপেন্ড করেছে। ভো▯ ঘোষণা হওয়ার আগে কমিশনের এ ধরনের সিদ্ধান্ত নজিরবিহীন। ক্যানিং পূর্বর দুই জন, সুতি, ময়নাগুড়ি, সামশেরগঞ্জ, ডেবরা ও ফারাক্কা বিধানসভার মো▯ সাত AERO-কে সাসপেন্ড করা হয়েছে বলে জানিয়ে কমিশন গতকাল রাতে রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে চিঠি দিয়েছে। পাশাপাশি তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে কমিশন।

চিঠিতে স্পষ্ট বলা হয়েছে এসআইআর প্রক্রিয়ার সঙ্গে যুক্ত এই আধিকারিকদের বিরুদ্ধে গুরুতর অসদাচরণ, কর্তব্যে গাফিলতি এবং আইনসিদ্ধ ক্ষমতার অপব্যবহারের প্রমাণ মিলেছে। সে কারণেই তাৎক্ষণিক সাসপেনশন এবং শৃঙ্খলামূলক তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে দ্রুত তদন্ত শুরু করে কমিশনকে রিপো▯ দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। এর আগে একাধিক আধিকারিক কে সাসপেন্ড করার বিষয় তাদের নির্দেশ রাজ্য সরকার অমান্য করায় এবার কমিশন এই অভূতপূর্ব সিদ্ধান্ত নিয়েছে বলে মনে করা হচ্ছে।

এদিকে, সুপ্রিম কো□র ৯ ফেব্রুয়ারির নির্দেশ মেনে এসআইআর সংক্রান্ত সমস্ত ফর্ম–৭ আপত্তি নিষ্পত্তি নিয়েও কড়া বার্তা দিয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো পৃথক চিঠিতে বলা হয়েছে, এখনও পর্যন্ত জমা পড়া সমস্ত ফর্ম–৭ অবিলম্বে সংশ্লিষ্ট ইআরও ও এইআরওদের কাছে পাঠাতে হবে এবং আইন অনুযায়ী প্রতিটি আপত্তির নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।

********************************************************************

বিজেপি নির্বাচন কমিশনের সাত জন AERO-কে সাসপেন্ডের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী বলেন,এই সাতজন এইআরও-কে উপযুক্ত কারণে বৈধভাবে সাসপেন্ড করা হয়েছে। সংশ্লিষ্ট এইআরও-রা নির্বাচন কমিশনের ১৩টি নথিকে প্রমান হিসেবে গ্রহণের নির্দেশিকাকে পুরোপুরি অমান্য করেছে। ভুয়ো স্কুল সার্টিফিকে□ এবং প্যানকার্ডকে নথি হিসেবে গ্রহণ করেছে। শাসক দল তৃণমূল কংগ্রেস, বিভিন্ন জেলার জেলাশাসক,জেলা নির্বাচনী আধিকারিক ও মুখ্য সচিবের নির্দেশে এইআরও-রা এই কাজ করেছে এবং মুখ্যমন্ত্রী মুখ্য সচিবকে দিয়ে এই কাজ করাচ্ছেন বলে বিরোধী দলনেতার অভিযোগ। তিনি আরো বলেন, নির্বাচন কমিশনের আইনে থাকা সত্ত্বেও কমিশন এতদিন শুধুমাত্র মুখ্য সচিবকে বিষয়টি নিয়ে পরামর্শ দিয়েছেন। পুরো SIR প্রক্রিয়াতে এই প্রথম নির্বাচন কমিশন তার ক্ষমতার প্রয়োগ করেছে।

এদিকে বাংলাদেশের নির্বাচনে ভারতের সীমান্তবর্তী জেলাগুলিতে জামাত গোষ্ঠীর জয়লাভ প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা জানান, এরাজ্য থেকে তৃণমূল কংগ্রেস তাদের নির্বাচনে জয়লাভ করতে সহায়তা করেছে এবং পরবর্তীকালে এই জামাত গোষ্ঠীগুলি এরাজ্যে বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে জয়লাভ করতে সহায়তা করবে।

********************************************************************

রাজ্যে স্থায়ীভাবে বসবাসের প্রমাণপত্র বা ডোমিসাইল সার্টিফিকে□ জমা দেওয়া ভো□ারদের বড় অংশই কমিশনের নির্ধারিত শর্ত পূরণ করছেন না বলে প্রাথমিক পর্যবেক্ষণে উঠে এসেছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এখনও পর্যন্ত যাঁরা ডোমিসাইল সার্টিফিকে□ জমা দিয়েছেন, তাঁদের প্রায় ৯৯ শতাংশই ওই শংসাপত্রের প্রকৃত অধিকারী নন।

কমিশনের গাইডলাইন অনুযায়ী, শর্ত পূরণ না করলে সেই বসবাসের শংসাপত্র গ্রহণযোগ্য হবে না। ফলে সংশ্লিষ্ট ভো□ারদের নাম চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়তে পারে বলেই কমিশন সূত্রে ইঙ্গিত।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রতিটি নথি খতিয়ে দেখেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। নিয়ম অনুযায়ী যাঁরা বৈধ নথি দেখাতে পারবেন না, তাঁদের নাম তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া চালানো হবে।

********************************************************************

রাজ্য সরকার যুব সাথী প্রকল্পের নামে আবারও যুব সমাজের সঙ্গে প্রতারণা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এর আগে যুবশ্রী প্রকল্প এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করে ১৭ লক্ষ বেকার যুবক-যুবতীদের ভাতা দেওয়া শুরু হয়েছিল। পাশাপাশি তাদের চাকরির প্রতিশ্রুতিও দেওয়া হয়েছিল। এরপর যুবশ্রী প্রকল্পের বরাদ্দ বন্ধ করে দেওয়া হয়। চলতি রাজ্য বাজেটে ঘোষণা অনুযায়ী গতকাল প্রকল্পের আবেদন পত্র বিতরণের নামে যুবক যুবতীদের শুধুমাত্র লাইনে দাঁড় করিয়ে অযথা হয়রানি করা হয়েছে এবং তাদের পুলিশের মারও খেতে হয়েছে।

****************************************************************

CPIM রাজ্য কমিটির সদস্য প্রতিকূর রহমান, দলের প্রাথমিক সদস্য পদ থেকে ইস্তফা দিয়েছেন। দলের সমস্ত পদ থেকে অব্যাহতি নেবার সিদ্ধান্ত, CPIM রাজ্য সম্পাদককে জানিয়ে দিয়েছেন তিনি। দলের জেলা এবং রাজ্য নেতৃত্বের ভাবনা ও কর্ম পদ্ধতির সঙ্গে খাপ খাওয়াতে না পারায়ই, তাঁর এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন।

****************************************************************

নতুন দিল্লিতে, ভারত-কৃত্রিম মেধা শিখর সম্মেলন- ২০২৬, শুরু হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব নিয়ে দক্ষিণ বিশ্বে এই প্রথম, এতোবড় আন্তর্জাতিক পাঁচ দিনের শিখর বৈঠকের আয়োজন করা হয়েছে। বিশ্ব জুড়ে কৃত্রিম মেধা নিয়ে যেসমস্ত আলোচ্য বিষয় রয়েছে, তার রূপরেখা নির্ধারণের এক প্রধান মঞ্চ হিসেবে ভারতের ভূমিকা এই শিখর বৈঠক আরো মজবুত করবে। বিশ্ব কৃত্রিম মেধা সহযোগিতার গুরুত্বপূর্ণ শরিক হিসেবে ভারত এই শীর্ষ সম্মেলন আয়োজন করেছে। অভিন্ন মানদন্ড নিয়ে বিভিন্ন দেশের কাজ করা, আলোচনার মধ্য দিয়ে কাঠামো গড়ে তোলা এবং গণপণ্যের ক্ষেত্রে সমস্যার সমাধানের জন্য এই শিখর বৈঠক গুরুত্বপূর্ণ হয়ে উঠতে চলেছে।

শতাধিক দেশ এই শিখর বৈঠকে আমন্ত্রিত হয়েছে। ২'লক্ষের বেশী ব্যক্তি এই সম্মেলনে যোগ দেবার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করিয়েছে। ২০ টি দেশের নেতৃবৃন্দের এই শীর্ষ বৈঠকে যোগ দিতে চলেছেন।

তিনটি প্রধান সূত্র নিয়ে ভারত-কৃত্রিম মেধা শিখর বৈঠকে আলোচনা হবে। AI নিয়ে বিশ্ব সহযোগিতার মূল এই বিষয়গুলি হল- মানব, এই পৃথিবী গ্রহ এবং প্রগতি। মানব মূলধন, সামাজিক ক্ষমতায়ন, নিরাপদ ও বিশ্বস্ত কৃত্রিম মেধা, বিজ্ঞান, উদ্ভাবন, দক্ষতা এবং কৃত্রিম মেধার গণতন্ত্রীকরণ সহ সাতটি বিষয় নিয়ে এই শিখর বৈঠকে আলোচনা হবে।

****************************************************************

**প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী বলেছেন যে, ভারত, কৃত্রিম মেধার প্রভাব শিখর সম্মেলনে, সারা বিশ্বের নেতৃবৃন্দ যোগ দিতে আসছেন, এটা দেশবাসীর কাছে বড় গর্বের বিষয়। সমাজ মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী, এই সম্মেলনে যোগ দিতে আসা বিশ্ব নেতৃবৃন্দ, শিল্পপতি, উদ্ভাবক, নীতি নির্ধারক, গবেষক ও প্রযুক্তিবিদদের

উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, এই শিখর সম্মেলন এ□াই প্রমাণ করে, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে দেশ দ্রুত এগিয়ে চলেছে এবং বিশ্বের বিকাশে ভারতের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

*****************************************************************

ধান উৎপাদনের নিরিখে বাঁকুড়া এ বছর রাজ্যের শীর্ষস্থানে উঠে এসেছে । দীর্ঘদিন ধরে বাংলার ‘ধানের ভাণ্ডার’ হিসেবে পরিচিত পূর্ব বর্ধমানকে পিছনে ফেলে এই সাফল্য অর্জন করেছে ওই জেলা। কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, এ বছর বাঁকুড়ায় ধানচাষের আওতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। মো□ প্রায় ৩.৮ লক্ষ হেক্টর জমিতে ধানচাষ হয়েছে। গড় ফলন হয়েছে প্রতি হেক্টরে প্রায় ৫ □ন।ধান উৎপাদনের ক্ষেত্রে এতদিন পূর্ব বর্ধমান ছাড়াও মুর্শিদাবাদ, নদিয়া, হুগলি, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলি রাজ্যে অগ্রগণ্য ছিল। সেই তালিকায় এ বার গুরুত্বপূর্ণ স্থান করে নিল বাঁকুড়া।

*****************************************************************

আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘনের অভিযোগে একটি বাংলাদেশি ট্রলার আ□ক করেছে ভারতীয় উপকূল রক্ষী বাহিনী। আজ সকালে ২৮ জন মৎস্যজীবী সহ ট্রলারটিকে ফ্রেজারগঞ্জ মৎস্য বন্দরে নিয়ে আসা হয়। উপকূল রক্ষী সূত্রে জানা গিয়েছে, রবিবার রাতে ভারতীয় জলসীমার ভেতরে এফবি সাগর নামে ট্রলারটিকে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখা যায়। এরপর □হলরত বাহিনী ট্রলারটি থামিয়ে মৎস্যজীবীদের জিজ্ঞাসাবাদ শুরু করে। তাঁদের বক্তব্যে অসংগতি ধরা পড়ায় ট্রলারসহ সকলকে আ□ক করা হয়। সোমবার সকালে আ□ক মৎস্যজীবীদের ফ্রেজারগঞ্জ কোস্টাল থানা-র হাতে তুলে দেওয়া হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ।

*****************************************************************

হোলি উপলক্ষে অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে বিশেষ হোলি স্পেশাল ডিব্রুগড়-কলকাতা সাপ্তাহিক ট্রেন মুর্শিদাবাদ জেলার আজিমগঞ্জ, জঙ্গিপুর ও নিউ ফরাক্কা স্টেশনে থামবে। আগামী ২১শে ফেব্রুয়ারি থেকে ৭ই মার্চ পর্যন্ত প্রতি শনিবার কলকাতা থেকে এবং ২৩ ফেব্রুয়ারি থেকে ৯ মার্চ পর্যন্ত প্রতি সোমবার ডিব্রুগর থেকে ছাড়বে। সংরক্ষিত ও অসংরক্ষিত আসনের ট্রেনটিতে মো□ ২২টি কামরা থাকবে।

*****************************************************************

জালনো□র কারবার রুখতে সাফল্য পেয়েছে মুর্শিদাবাদের ফরাক্কা থানার পুলিশ। শনিবার সন্ধ্যায় ফরাক্কার ২ নম্বর রেল কলোনি এলাকায় হানা দিয়ে জাল নো□ সহ এক পাচারকারীকে হাতেনাতে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতের নাম হাসনাত শেখ। বাড়ি ফরাক্কা থানার ইমামনগর গ্রামে। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে ২০ হাজার □াকার জাল নো□। সেগুলি স্থানীয় বাজারে ছড়ানোর পরিকল্পনা ছিল বলে ধৃত জেরায় স্বীকার করেছে। ওই জালনো□ কোথা থেকে সে নিয়ে এসেছিল, তা পুলিশ খতিয়ে দেখছে পুলিশ। রবিবার ধৃতকে জঙ্গিপুরে মহকুমা আদালতে তোলা হলে বিচারক জেল হেপাজতের নির্দেশ দেন।

*****************************************************************

উত্তুরে বাতাস বজায় থাকায় রাজ্যের প্রায় সব জেলাতেই ভোরের দিকে এখনও শীতের আমেজ। সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক বা তার নিচে রয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়, ১৬ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে প্রায় আড়াই ডিগ্রি কম। আগামী সাত দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া থাকবে এবং তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*****************************************************************

কলম্বোর আর প্রেমদাসা স্টেডিয়ামে ভারত পাকিস্তানকে ৬১ রানে হারিয়ে দ্বিতীয় দল হিসেবে সুপার-এই□ খেলার যোগ্যতা অর্জন করেছে। ১৭৬ রানের লক্ষ্য তাড়া করতে নেমে পাকিস্তান ১৮ ওভারে ১১৪ রানে অল-আউ□ হয়ে যায়। পাকিস্তানের পক্ষে সর্বোচ্চ ৪৪ রান করেন উসমান খান। ভারতের পক্ষে জসপ্রীত বুমরাহ, অক্ষর প্যা□ল, বরুণ চক্রবর্তী এবং হার্দিক পান্ডিয়া দু'টি করে উইকে□ নেন এবং কুলদীপ যাদব এবং তিলক ভার্মা একটি করে উইকে□ নেন।

এর আগে, পাকিস্তান □স জিতে বোলিং করার সিদ্ধান্ত নেয়। ভারত নির্ধারিত ২০ ওভারে সাত উইকে□ হারিয়ে ১৭৫ রান করে। ঈশান কিষাণ ৭৭ রান করেন এবং সূর্যকুমার যাদব ৩২ রান করেন।

ICC T-20 ক্রিকে□ বিশ্বকাপে, আজ 'সি' গ্রুপের ম্যাচে, কলকাতার ইডেন গার্ডেনে ইতালির মুখোমুখি হবে ইংল্যান্ড। খেলা শুরু বিকেল ৩-□য়।

তৃতীয় ম্যাচে শ্রীলঙ্কার পাল্লেকেল আন্তর্জাতিক ক্রিকে□ স্টেডিয়ামে শ্রীলঙ্কা অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধ্যা ৭-□ায়।

*****************************************************************

কল্যাণীতে রঞ্জি ট্রফি সেমিফাইনালে আজ দ্বিতীয় দিনে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে বাংলার প্রথম ইনিংস ৩২৮ রানে শেষ হয়েছে।

সুদীপ ঘরামী ১৪৬ রান করেছেন। জম্মু ও কাশ্মীরের হয়ে আকিব নবি পাচঁ উইকে□ নিয়েছেন। প্রথম ইনিংসে ব্যা□ করতে নেমে জম্মু ও কাশ্মীর শেষ পাওয়া খবরে, ৩ উইকে□ ৪১ রান করেছে।

*****************************************************************

আইএসএল ফু□বলে ইস্টবেঙ্গল আজ তাদের অভিযান শুরু করবে। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাই□ড এফসি। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাত□ায়।

গতকাল জামশেদপুরে জেআরডি □া□া স্পো□র্স কমপ্লেক্সে মহামেডান স্পোর্টিং ১-০ গোলে জামশেদপুর এফসির কাছে পরাজিত হয়েছে।

*****************************************************************